# গাজার শাসনভার হস্তান্তরের সব আয়োজন শেষ: হামাস



ছবি: সংগৃহীত

গাজা উপত্যকার প্রশাসনিক দায়িত্ব ছাড়ার প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে বলে জানিয়েছে হামাস। সংগঠনটির মুখপাত্র হাজেম কাসেম বলেন, বিভিন্ন সরকারি ও প্রশাসনিক দপ্তরের সঙ্গে সমন্বয় করে দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় সব প্রস্তুতি শেষ করা হয়েছে।

তিনি জানান, ফিলিস্তিনি রাজনৈতিক দল, বিভিন্ন গোষ্ঠী ও নাগরিক সমাজের প্রতিনিধিদের নিয়ে একটি তদারকি কমিটি গঠন করা হয়েছে, যারা পুরো কার্যক্রম পর্যবেক্ষণ করবে। সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করে কাসেম বলেন, দীর্ঘ সংঘাতের পর গাজায় পুনর্গঠন শুরু করতে এই উদ্যোগ সহায়ক হবে।

হামাসের বক্তব্য অনুযায়ী, মধ্যস্থতাকারীদের তত্ত্বাবধানে হওয়া যুদ্ধবিরতির শর্ত অনুসারে গাজার দৈনন্দিন প্রশাসনিক দায়িত্ব ১৫ সদস্যের একটি টেকনোক্র্যাট কমিটির হাতে তুলে দেওয়া হবে। এই কমিটির নাম রাখা হয়েছে 'ন্যাশনাল কমিটি ফর দ্য অ্যাডমিনিস্ট্রেশন অব গাজা' (এনসিএজি)।

এই কমিটির নেতৃত্বে থাকবেন ফিলিস্তিনি কর্তৃপক্ষের সাবেক উপমন্ত্রী আলী শা'আথ। রাফাহ সীমান্ত খুলে গেলে সদস্যরা গাজায় প্রবেশ করবেন বলে জানা গেছে।

পর্যবেক্ষকদের মতে, দীর্ঘ সময়ের অস্থিরতার পর প্রশাসনিক শূন্যতা কাটিয়ে মানবিক কার্যক্রম ও পুনর্গঠন এগিয়ে নিতে এই পদক্ষেপ গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে।